# মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-৯৯ : যদি উম্মাহর উপর কোন বিপদ-আপদ/মুছীবত এসে পড়ে তাহলে কতিপয় ব্যক্তি জনগণকে জোট গঠন করে শাসক ও আলিমদের বিরুদ্ধে মিছিল করতে আহবান করে, যাতে তারা এই চাপ প্রয়োগের মাধ্যমে তাদের দাবি-দাওয়াহ কবুল করে। দাবি আদায়ের জন্য এই মাধ্যম গ্রহণের ব্যাপারে আপনার মতামত কী?

উত্তর : ক্ষতি দ্বারা ক্ষতি দূর করা যায় না। যখন কোন দূর্ঘটনা ঘটে যাতে অনিষ্ট অথবা অপছন্দনীয় বিষয় থাকে। তবে এর সমাধান এই নয় যে, এর বিরুদ্ধে মিছিল করতে হবে অথবা জোট বেঁধে আন্দোলন করতে হবে অথবা ধ্বংস মিশন পরিচালনা করতে হবে। এটা কোন সমাধান নয়। বরং এর দ্বারা অনিষ্ট বৃদ্ধিই পায়। সংশোধনের সঠিক পদ্ধতি হলো, সংশ্লিষ্ট দায়িত্বশীলদের নিকট বিষয়টি উপস্থাপন করা, তাদের সাথে শলাপরামর্শ করা এবং উদ্ভূত সমস্যা সমাধানে তাদের করণীয় কি তা বর্ণনা করা, যাতে তারা এই ক্ষতি দূরীকরণে কাজ করতে পারেন। যদি তারা তা দূর করেন, তাহলে তো করলেন। নতুবা এর থেকেও বড় অনিষ্ট এড়ানোর লক্ষ্যে ধৈর্যধারণ করতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13173

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন